



স্মারক নং : ০২/শিক্ষা/নির্ভ-২০২৬/১৭১৬

Ref. No.

তারিখ : ০৬.০৬.২০২৬

Date:


ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণীতে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় যে সকল শিক্ষার্থী পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে A, B এবং C ইউনিটে বিভাগ প্রাপ্ত হয়েছে সে সকল শিক্ষার্থীদের আগামী ০৭-০৬-২০২৬ তারিখ হতে ১১-০৬-২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রাথমিক ভর্তি নিশ্চয়ন নিম্নোক্ত নির্দেশনা ও সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

1. GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী শিক্ষার্থীদের প্রাথমিক ভর্তি প্রক্রিয়া আগামী ৭/৬/২০২৬ তারিখ দুপুর ১২.০০ টা হতে ১০/৬/২০২৬ তারিখ রাত ১১.৫৯ টার মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd>)- এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।
2. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসমূহ ও প্রাথমিক ভর্তি ফি ৫০০০/= (পাঁচ হাজার টাকা) জমাদানের রশিদসহ (একটি A4 সাইজ খামে ভরে খামের উপর আবেদনকারীর নামসহ GST রোল নম্বর লিখে খামসহ) নিম্নবর্ণিত তারিখ, সময় ও স্থানে শৃঙ্খলা বজায় রেখে সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।

ইউনিট	জমাদানের স্থান	তারিখ ও সময়
A	ডিন অফিস (নিচতলা), প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ ইবনে সিনা বিজ্ঞান ভবন, ইসলামী বিশ্ববিদ্যালয়।	০৮/০৬/২০২৬ - ১১/০৬/২০২৬ সকাল ১০ টা হতে বিকাল ৩ টা
B	ডিন অফিস (নিচতলা), আইন অনুষদ মীর মশাররফ হোসেন একাডেমিক ভবন, ইসলামী বিশ্ববিদ্যালয়।	০৮/০৬/২০২৬ - ১১/০৬/২০২৬ সকাল ১০ টা হতে বিকাল ৩ টা
C	ডিন অফিস (চতুর্থতলা), ব্যবসায় প্রশাসন অনুষদ ইসলামী বিশ্ববিদ্যালয়।	০৮/০৬/২০২৬ - ১১/০৬/২০২৬ সকাল ১০ টা হতে বিকাল ৩ টা

3. প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের পর দায়িত্বরত সংশ্লিষ্ট ইউনিট সমন্বয়কারীর স্বাক্ষর ও সিলসহ একনলেজমেন্ট ট্রিপ/ জমাদানের রশিদ বুঝে নিতে হবে। এই রশিদটি পরবর্তীতে মূল নম্বরপত্রসমূহ উঠানোর সময় সঙ্গে আনতে হবে।


রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।